আপনার সাংসদের ভূমিকা কী হবে, কেমনভাবে আপনাকে তাঁরা সাহায্য করতে পারেন এবং আপনি কীভাবে তাদের সঙ্গে যোগাযোগ করবেন তার বিবরণ দেওয়া হল এই লিফলেটে।

সাংসদের ভূমিকা

সাংসদের দায়িত্ব তিনটি ক্ষেত্রের সঙ্গে যুক্ত ঃ তাদের নির্বাচন কেন্দ্র, সংসদ এবং তাঁদের রাজনৈতিক দল।

ব্রিটেনে হাউস অব কমনস-এর 600+ নির্বাচন কেন্দ্রের প্রত্যেকটি থেকে একজন করে সাংসদ নির্বাচিত হন। সংসদে সাংসদের কাজ হলো, বিতর্কে অংশ নেওয়া, নতুন আইন প্রণয়নে ও অন্যান্য বিষয়ে ভোট দেওয়া। তাঁরা নতুন আইনগুলিকে ভালোভাবে পর্য্যালোচনা করার জন্য এবং সরকারী বিভাগগুলির কাজকর্ম খতিয়ে দেখার জন্য গঠিত কমিটির সদস্য হতে পারেন। কেউ কেউ আবার সরকারে মন্ত্রী হতে পারেন বা বিরোধী পক্ষের মুখপাত্র হতে পারেন।

সাংসদরা তাঁদের নির্বাচন কেন্দ্রগুলিকে সাহায্য করতে পারেন সমস্যা সম্পর্কে পরামর্শ দিয়ে (বিশেষ করে সেইসব ক্ষেত্রে যেখানে সরকারী বিভাগগুলির কাজকর্ম জড়িত), তাদের নির্বাচন ক্ষেত্রগুলির সমস্যা সংসদে তুলে এবং স্থানীয় এলাকার মূল প্রতিনিধি হিসেবে ভূমিকা পালন করে।

সাংসদরা সাধারণতঃ হাউজ অব কমনস-এ তাদের নেতৃত্বের প্রতি আস্থা ভোট দিয়ে এবং তাঁদের নির্বাচন ক্ষেত্রগুলিতে তাঁদের দলের প্রতিনিধি হিসেবে কাজ করে তাদের নিজ নিজ দলকে সমর্থন করে থাকেন।

আমার সাংসদ কে?

আপনার যদি নিজের সম্পূর্ণ পোস্টকোড জানা থাকে এবং ইন্টারনেট অ্যাক্সেস থাকে তাহলে আপনি জেনে নিতে পারেন আপনার এলাকার স্থানীয় এম পি কে, এখান থেকে ঃ **www.locata.co.uk/commons/** অন্যথায়, আপনি হাউজ অব কমনস-এর তথ্য অনুসন্ধান অফিস থেকে জেনে নিতে পারেন, এই নম্বরে 020 7219 4272 ফোন করে কিংবা আপনার স্থানীয় কাউন্সিলারকে জিজ্ঞাসা করতে পারেন।

আপনার এম পি'র সঙ্গে যোগাযোগ করবেন কীভাবে?

আপনার সাংসদের সঙ্গে যোগাযোগ করার উত্তম পন্থা হলো প্রথমে লিখিতভাবে; চিঠি, ফ্যাক্স, বা ই-মেলে আপনি বিষয়টা পরিষ্কার করে গুছিয়ে জানাতে পারেন যাতে আপনার সমস্যাটা তিনি সাহায্য করার আগে ভালভাবে বুঝতে পারেন।

আপনি যে কোনো সাংসদকে লিখতে পারেন এই ঠিকানায়ঃ **House of Commons, London SW1A 0AA** সব সাংসদের অফিস আছে ওয়েস্টমিনস্টারে বা এমন ব্যবস্থা আছে যে সংশ্লিষ্ট এম পি লন্ডনের বাইরে থাকলে সেই চিঠির উত্তরের ব্যবস্থা করা হয় বা সেই চিঠি তাঁর কাছে রিডায়রেক্ট করে দেওয়া হয়। কাজেই এখানে লেখাই সব থেকে ভাল উপায়, তাঁর নির্বাচন ক্ষেত্রের অফিস বা বাড়ির ঠিকানায় লেখার চেয়ে।

আপনি ওয়েস্টমিনস্টার অফিসে যে কোন এম পি'কে ফোন করতে পারেন পার্লামেন্ট সুইচবোর্ডের মাধ্যমে। নম্বর 020 7219-3000। যদি কোন এম পির অফিস থাকে তাঁর নির্বাচন কেন্দ্রে, তাহলে ''মেম্বার্স অব পার্লামেন্ট'' শিরোনামে স্থানীয় ফোন ডায়রেক্টরীতে তাঁর ফোন নম্বর পেয়ে যাবেন।

সব এম পি তাদের ই-মেল ঠিকানা দিতে চান না। সেক্ষেত্রে আপনি একটি ফর্মে বেশীর ভাগ এম পি কে বার্তা পাঠাতে পারেন, www.parliament.uk/directories/hciolists/alms.cfm ওয়েব সাইট থেকে তালিকা নিয়ে।

এই লিস্টে এম পি'দের ওয়েবসাইটও দেওয়া থাকে।

বেশীরভাগ এম পি তাঁদের নির্বাচন কেন্দ্রে ''দরবার'' করেন, যেখানে স্থানীয় অধিবাসীরা তাঁদের অভাব অভিযোগের কথা বলতে পারেন। কবে এই দরবার বসবে তা জানতে এবং একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করতে আপনি সেই এম পির ওয়েস্টমিনস্টার অফিস কিংবা তাঁর নির্বাচন কেন্দ্রের অফিস থেকে ফোন করে তা জেনে নিতে পারেন।

আপনার এম পি কীভাবে আপনাকে সাহায্য করতে পারে?

এম পি রা সাহায্য বা পরামর্শ দেবার দিক থেকে খুবই উদার। সাধারণতঃ তাঁরা তাঁদের নির্বাচনক্ষেত্রের নানাবিধ সমস্যার প্রতিকার করার চেষ্টা করে থাকেন।তাঁদের কাজের নির্দিষ্ট কোন সংজ্ঞা নেই। এটা নির্ভর করে সংশ্লিষ্ট এম পি র ওপর যে তিনি কী ধরণের কেস হাতে নেবেন। তবে এম পিরা সাধারণতঃ সেইসব সমস্যা নিয়ে কাজ করে থাকেন যার সঙ্গে যুক্ত কেন্দ্রীয় সরকারের পরিষেবা যেমনঃ

- **সুবিধা. পেন্সন, জাতীয় বিমা** এবং অন্যান্য বিষয় যা ওয়ার্ক এবং পেন্সন বিভাগের (ডিপার্টমেন্ট অব ওয়ার্ক এন্ড পেনশন-এর) অধীন;
- **অভিবাসন** ও অন্যান্য সমস্যা যা স্বরাষ্ট্র দপ্তরের অধীন;
- **কর সমস্যা** যার মধ্যে আছে আভ্যন্তরীণ রাজস্ব, সীমাশুল্ক এবং অন্তঃশুল্ক;
- **NHS** -এর সঙ্গে জড়িত সমস্যা;
- **Child Support Agency** -এর সঙ্গে জড়িত সমস্যা;
- **স্কুল অনুদান ও স্কুল বন্ধ বিষয়টি;**

স্থানীয় কর্তৃপক্ষের অধীনস্থ পরিষেবা সংক্রান্ত সমস্যা তোলা যায় স্থানীয় কাউন্সিলারের কাছে। এছাড়া, ওয়েল্‌স, স্কটল্যান্ড এবং উত্তর আয়ারল্যান্ডে কিছু কিছু পরিষেবা আছে, যেগুলির দায়িত্ব নেয় ভেঙ্গে দেওয়া বিধানসভাগুলি এবং সেক্ষেত্রে এই সব সংস্থার স্থানীয় সদস্যদের সঙ্গে যোগাযোগ করাই শ্রেয়।

আপনার এম পি সাধারণতঃ তাঁর পক্ষে নির্বাচনকেন্দ্রগুলির জন্যে যতটা করা সম্ভব তা করবেন। তবে প্রতিটি সমস্যার প্রতিকার করা তাঁর পক্ষে হয়ত সম্ভব নাও হতে পারে। তিনি মনে করতে পারেন, এর জন্য হয়ত ভাবতে পারেন যে তিনি সবচেয়ে উপযুক্ত ব্যক্তি নন। যদি তিনি সাহায্য করতে অক্ষম হন, তাহলে তিনি আরও উপযুক্ত ব্যক্তি যেমন স্থানীয় কাউন্সিলার, স্থানীয় নাগরিক উপদেষ্টা ব্যুরো (CAB) কিংবা অন্য কোন স্থানীয় সংস্থার কাছে আপনার সমস্যাটি পাঠিয়ে দেবেন। আর আইনী পরামর্শের জন্য, আপনাকে পাঠাবেন কোন সলিসিটারের কাছে।

অন্য কারো কাছে যাবার চেয়ে **আপনার সমস্যা সম্পর্কে স্থানীয় এমপি’র দৃষ্টি আকর্ষণ করাই সবসময়ে আপনার উচিত।** প্রত্যেক নির্বাচন ক্ষেত্রে থাকেন একজন করে এম পি সব নির্বাচনকেন্দ্রের অধিবাসীর স্বার্থর প্রতিনিধিত্ব করার জন্য; এমন নয় যে, যাঁরা তাঁকে ভোট দিয়েছেন শুধু তাঁদেরই তিনি প্রতিনিধিত্ব করবেন।

আরও অনেকভাবে এম পি রা আপনাকে সাহায্য করতে পারেন। তাঁরা আপনাকে পরামর্শ দিতে পারেন, আপনার হয়ে আধিকারিক বা মন্ত্রীকে চিঠি লিখতে পারেন। তারা আপনার হয়ে **Parliamentary Ombudsman**-এর কাছে প্রশাসনিক ব্যর্থতার অভিযোগ দায়ের করতে পারেন।

উপযুক্ত বিবেচনা করলে এম পি আপনার কেস সংসদের নিম্নকক্ষে হাউজ অব কমন্স-এও উত্থাপন করতে পারেন পার্লামেন্টের প্রশ্নোত্তরকালে, মুলতুবী বিতর্কে **(adjournment debate)** কিংবা দিনের কোনো প্রথম প্রস্তাব **(early day motion)** হিসেবে।

আরও তথ্যাদি
সাংসদের ভূমিকা সম্পর্কে বিস্তারিতভাবে আপনি জানতে পারেন HCIO-এর *আপনি ও আপনার এম পি* ফ্যাক্টশিটে। এটা পাওয়া যাবে ইন্টারনেটেঃ **www.parliament.uk/factsheets** ওয়েবসাইটে।

যোগাযোগের ঠিকানা

হাউজ অব কমন্স-এর তথ্যাদির জন্যঃ

হাউজ অব কমন্স ইনফরমেশন অফিস
House of Commons, London SW1A 2TT
ফোন: **020-7219 4272**
ই-মেল: **hcinfo@parliament.uk**
ওয়েব:
www.parliament.uk/directories/hcio.cfm
ফ্যাক্স: **020-7219 5839**

স্কুল, শিক্ষক ও তরুণ প্রজন্মের জন্য তথ্যাদি

পার্লামেন্টারী এডুকেশন ইউনিট
House of Commons, London SW1A 2TT
ফোন: **020-7219 2105**
ই-মেল: **edunit@parliament.uk**
ওয়েব: www.explore.parliament.uk
ফ্যাক্স:**020-7219 0818**

হাউজ অব লর্ডস সংক্রান্ত তথ্যাদি

হাউজ অব লর্ডস ইনফরমেশন অফিস
House of Lords, London SW1A 0PW
ফোন: **020-7219 3107**
ই-মেল: **hlinfo@parliament.uk**
ফ্যাক্স: **020-7219 0620**

সংসদের উভয় কক্ষের মহাফেজখানা

হাউজ অব লর্ডস রেকর্ড অফিস
House of Lords, London SW1A 0PW
ফোন: **020-7219 3074**
ই-মেল: **hlro@parliament.uk**
ফ্যাক্স: **020-7219 2570**

অন্যান্য দরকারী নম্বরগুলি

এম পি /পীয়ার্সদের সঙ্গে যোগাযোগের জন্য:	**020 7219 3000**
রক্ষণশীল বা কনজার্ভেটিভ পার্টি:	**020 7222 9000**
লেবার পার্টি:	**020 7802 1000**
লিবারেল ডেমক্রাট পার্টি:	**020 7222 7999**
প্লেড সাইমরু:	**029 2064 6000**
স্কটিশ ন্যাশনাল পার্টি:	**0131 525 8900**
ইওরোপিয়ান পার্লামেন্ট:	**020 7227 4300**
টাইপটক (বধিরদের জন্য)	**0870 240 9598**

আপনি ও আপনার এম পি

আপনার সাংসদ কী করেন এবং আপনাকে কিভাবে সাহায্য করতে পারেন, সে বিষয়ে নির্দেশিকা